আসন সংগ্রহ এবং অন্যান্য আশীর্ব্বাদ উদ্‌যাপন

যারা শিশুদের শিক্ষা দেবে তারা অবশ্যই H1b অংশটি পড়বে।

প্রার্থনা ঃ ''প্রভু, দয়াকরে আমাকে এবং আমার নতুন দলকে তোমায় ধন্যবাদ করতে সাহায্য কর কারণ তুমি আমাদের অনেক মহৎ দয়া ও আশীর্ব্বাদ করেছো।''

স্থানীয় লোকদের সময় ও প্রথা অনুযায়ী কাযকলাপ পছন্দ করুন।

''তুমি সাত সপ্তাহের উৎসব, অর্থাৎ কাটা গোমের আস্ত পক্ক ফলের উৎসব এবং বৎসরের শেষ ভাগে ফলসংগ্রহের উৎসব পালন করিবে।'' যাত্রাপুস্তক ৩৪ঃ২২ পদ।

১. ঈশ্বরকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপনের উদ্দেশ্যে আপনার নতুন দলকে সাহায্য করতে প্রস্তুত হন।

পশ্চাদপট

- ঈশ্বর প্রাচীন ইস্রায়েলীয়দের সাপ্তাহিক উৎসব পালনের আদেশ দিয়েছিলেন পরে সেটিকে বলা হত পঞ্চাশত্তমী।
- যীশুতে বিশ্বাসীরা ঈশ্বরকে প্রত্যহ ধন্যবাদ দেবে। পৃথিবীতে বহু বিশ্বাসী বাৎসরিক অনুষ্ঠান পালনের মাধ্যমে বিশেষত শস্য সংগ্রহের সময় আশীর্ব্বাদের জন্য ঈশ্বরকে ধন্যবাদ দেন। যার সঙ্গে পুরাতন নিয়মের সপ্তাহের উৎসবের মিল পাওয়া যায়।
- অনেক উপাসকমন্ডলী পঞ্চাশত্তমী পালন করে, কিন্তু শস্য সংগ্রহের উৎসবের মত করে না। তারা এটি পালন করে কারণ ঐ দিন ঈশ্বর পবিত্র আত্মার বর্ষনের দ্বারা নতুন জাতির জন্ম দেন। এই ঘটনাটি ছিল আত্মিক ফসল সংগ্রহের, কারণ ঈশ্বর বিশ্বাসীদের একটি নতুন শরীরের মধ্যে সংগ্রহ করেছিলেন, অনেক যিহূদী মানুষ যারা বিদেশে বিভিন্ন জায়গায় ছড়িয়ে পড়েছেন।

- প্রায় সব সমাজই কিছু না কিছু শস্য সংগ্রহের উৎসব পালন করে, যাতে লোকেরা জড় হয় ঈশ্বরকে তাঁর আশীর্ব্বাদের জন্য ধন্যবাদ দিতে। কিছু সংস্কৃতিতে এই ধরনের উৎসব হয় মূর্ত্তিপূজা কেন্দ্রিক, কিন্তু বিশ্বাসীরা প্রায়ই এতে যোগদান করে মানুষদের সাহায্য করতে যাতে তারা তাদের মিথ্যা ঈশ্বরকে ছেড়ে একমাত্র সত্য ঈশ্বরকে ধন্যবাদ দেয়।

যাত্রাপুস্তক ১৪ঃ৫ পদ **দেখুন, ১৫ঃ১৩** পদ থেকে ঈশ্বর ইস্রায়েলীয়দের জন্য কি করেছিলেন, ঈশ্বরের প্রতি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাতে এবং ঈশ্বরের লোকদের ধন্যবাদ সহকারে উৎসব পালনে সাহায্য করার জন্য মোশি গান গেয়েছিলেন।

যাত্রাপুস্তক ১৫ঃ১৪-২১ পদে দেখুন, মরিয়ম ও অন্যান্য স্ত্রীলোকের ধন্যবাদ জ্ঞাণের জন্য কি গান গেয়েছিলেন।

২. সপ্তাহের মধ্যে যে কার্যকলাপগুলি করেছিলেন তা সহকর্মীদের সঙ্গে একত্রে পরিকল্পনা করুন।

যে কোন বিশ্বাসীর বাড়ী যান যারা অত্যাধিক অভিযোগ করে অথবা ঈশ্বরের আর্শীবাদের জন্যে কদাচিৎ ধন্যবাদ করে। তাদের সঙ্গে প্রার্থনা করুন, যে বিষয়ে ঈশ্বরের ধন্যবাদ করা উচিৎ তা আলোচনা করুন এবং তাদের জন্য ঈশ্বর যা যা করেছেন সেই বিষয়ে প্রার্থনার দ্বারা ঈশ্বরের ধন্যবাদ জানাতে উৎসাহিত করুন।

ঈশ্বরের উদ্দেশ্যে ধন্যবাদ জ্ঞাপনের জন্য একটি বিশেষ ভোজ বা উৎসবের পরিকল্পনা এবং ব্যবস্থা করুন।

যদি স্থানীয় সংস্কৃতিতে কোন রকম শস্য সংগ্রহের উৎসব পালনের ব্যবস্থা থাকে, তাদের দেখতে সাহায্য করুন যে এক মাত্র ঈশ্বরই সকল উত্তম জিনিসের উৎস। জাতীয় ছুটিগুলিতেও একই বিষয় প্রযোজ্য। সাধারণ এই সব বিশ্বাসীরা অংশগ্রহন করে প্রেমের সম্পর্কগুলিতে উন্নত করার জন্য, তারা পাপময় কাজগুলিকে অধিক উন্নতিশীল কাজে পরিবর্তিত করে বিশ্বাসের সাক্ষ্য দেয় এবং সদর্থক ভাবে প্রভাবিত ওয়।

সাংস্কৃতিক অনুষ্ঠানগুলোকে খ্রীষ্টীয় উৎসব রূপ গ্রহনের জন্য এই পদ্ধতিগুলি অনুসরণ করুন।

- কিছু পুরুষ মহিলা, প্রাপ্তবয়স্ক ও যুবকদের একত্রিত করে বিষয়টি আলোচনা করুন।
- সমস্ত সংস্কৃতিক অনুষ্ঠানের অর্থ, চিহ্নিত একটি তালিকা তৈরী করুন। (আপনি তালিকা তৈরী করার জন্য কিছু অবিশ্বাসীদের সহায্য নিতে পারেন।)

- ৩ পৃষ্ঠার উপরের তিনটি প্রশ্নের উত্তর আলোচনা করুন।

সংস্কৃতি মানিয়ে নেবার প্রশ্ন

১) ঈশ্বর এবং বেশীর ভাগ খ্রীষ্টিয়ানদের কাছে অনুষ্ঠানের কোন অংশগুলি গ্রহনযোগ্য ?

২) সেই অনুষ্ঠানের সঙ্গে বাইবেলের কোন্ কোন্ গল্পে বা শিক্ষার মিল আছে ?

৩) অনুষ্ঠানের কোন অংশগুলি বাইবেলের সত্য দ্বারা অবশ্যই পরিবর্তিত করতে হবে ?

- একত্রে পরিকল্পনা করুন ঘটনাটি কিভাবে পালন করলে সাংস্কৃতির শ্রদ্ধা করা হয় তৎসহ একমাত্র সত্য ঈশ্বরকেও সম্মান প্রদর্শন করা হয়।
- যখন আপনি সেই অনুষ্ঠানকে খ্রীষ্টিয় মতে পালন করবেন তখন কিছু বিশ্বাসীদেরও আমন্ত্রিত করুন। পরে তাদের মধ্য দিয়ে বার করার চেষ্টা করুন যে তারা কিরূপ অনুভব করছে। বোধহয় আপনাকে খ্রীষ্টিয় মতে বিন্যস্ত করতে হবে।

উদাহরনের জন্য

- যেখানে অবিশ্বাসীরা সাধারণ আত্মার কাছে প্রার্থনা করে যাতে যুবতী বধুরা মা হতে পারে, নতুন খ্রীষ্টিয়ানরা একটি বিষয় প্রার্থনা সভার মাধ্যমে যীশুর নামে ঈশ্বরের কাছে বলবে, তাদের সন্তান দেবার জন্য। প্রত্যেকে অপেক্ষা করবে এবং দেখবে। নয় মাস পরে সব নতুন বধূরা সন্তান পাবে।
- যেখানে পৌত্তলিকতা এবং অনৈকতা অনুশীলন যুবকদের জন্য প্রবর্তিত, খ্রীষ্টিয়ানরা সেটিকে নিন্দা না করে, ঈশ্বরকে সম্মানিত করে এরূপ একটি রীতি প্রবর্তন করবে, যেটি সাংস্কৃতিক মূল্যকে এবং উত্তম প্রাপ্তবয়স্ক ব্যবহার শিক্ষা দেবে। এখন অবিশ্বাসীরই চাইবে খ্রীষ্টিয়ানরা যেন তাদের সন্তানদের ব্রতী করে।
- যেখানে লোকেরা ইতিমধ্যে একটি ঈশ্বরের কাজে প্রার্থনা চেয়েছে, খ্রীষ্টিয়ানরা সেই জিনিসই করবে, কিন্তু যীশু নাম ব্যবহার করে। এমনকি অবিশ্বাসীরা যারা যীশু নামে প্রার্থনা করতে চেষ্টা করছিল তারা দেখতে পাবে ঈশ্বর তাদের অনেক প্রার্থনার উত্তর দিয়েছে। এই রূপে, অনেকে খ্রীষ্টে বিশ্বাসী হবে।

৩. **পরবর্তী উপাসনার জন্য সহকর্মীদের সঙ্গে পরিকল্পনা করুন।**

পড়ুন অথবা অভিনয় করে দেখান যাত্রাপুস্তক থেকে যে কিভাবে ঈশ্বর অলৌকিক ভাবে তাঁর সন্তানদের মিশরীয় সৈন্যদের থেকে উদ্ধার করেছিলেন এবং কিভাবে মোশি ও তার বোন মরিয়ম লোকদের উৎসব ও ধন্যবাদ করতে সাহায্য করেছিল।

বন্ধুত্ব উন্নত করার জন্য এবং আত্মাগণ ও প্রতিমার উদ্দেশে বলিদানের পরিবর্তে সত্য ঈশ্বরের প্রশংসা করার জন্য শস্য সংগ্রহের উৎসবে কিভাবে বিশ্বাসীদের অংশ গ্রহন করা উচিৎ তা ব্যাখ্যা করুন।

বিশ্বাসীরা ঈশ্বরের কাছ থেকে যে সমস্ত আর্শীবাদ পেয়েছে তার জন্য ধন্যবাদের সাক্ষ্য দেবে।

শিশুরা যা শিখে এসেছে তা উপস্থাপন করবে।

প্রভুর ভোজ পরিবেশনের জন্য পাঠ করুন যোহন ৬ঃ৪৭-৫১ পদ।

একে অন্যের জন্য প্রার্থনা করতে, আমরা কেন ঈশ্বরকে ধন্যবাদ দেব আলোচনা করতে এবং ধন্যবাদ দেবার কার্যকলাপের পরিকল্পনা করতে দুই বা তিনজনের ছোট দল গঠন করুন।

একত্রে মুখস্থ করুন সংহিতা ৬৯ঃ৩০ পদ।

Copyright © 2004 by Paul-Timothy Trainers. May be freely copied. Download from www.Paul-Timothy.net